গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-১৮০ তারিখ: ১৩ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন দারুল এখলাছ আমেনা (রা.) মহিলা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: ইকরাম হোসেন (ইনডেক্স নং: C322539) এর বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: চ্যানেল ২৪ এ প্রকাশিত প্রতিবেদন; প্রকাশের তারিখ: ২১ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলা সাব-পোস্ট অফিসের অতিরিক্ত বিভাগীয় (ইডিএ) পোস্টমাস্টার জনাব মোঃ ইকরাম হোসেন একই সঙ্গে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন দারুল এখলাছ আমেনা (রা.) মহিলা দাখিল মাদ্রাসার সুপার হিসেবে কর্মরত থেকে এমপিওভুক্ত সরকারি বেতন-ভাতা গ্রহণের পাশাপাশি পোস্টমাস্টার পদে বেতন-ভাতাও গ্রহণ করে আসছেন মর্মে প্রকাশিত একটি প্রতিবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নজরে এসেছে।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬-এর ১১.১০(ক) অনুচ্ছেদ অনুযায়ী এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণ একই সঙ্গে একাধিক পদে চাকরি বা কোনো আর্থিক লাভজনক পদে নিয়োজিত থাকতে পারবেন না। এরূপ প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের মাধ্যমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমোদনক্রমে এমপিও বাতিল করা হবে।

এমতাবস্থায়, একই সঙ্গে চাঁদপুর জেলা সাব-পোস্ট অফিসের অতিরিক্ত বিভাগীয় (ইডিএ) পোস্টমাস্টার এবং দারুল এখলাছ আমেনা (রা.) মহিলা দাখিল মাদ্রাসার সুপার হিসেবে কর্মরত থাকায় তা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬-এর ১১.১০(ক) অনুচ্ছেদের পরিপন্থী। তাই তাঁর এমপিওভুক্ত বেতন-ভাতা সাময়িকভাবে স্থগিতসহ স্থায়ীভাবে কেন বন্ধ করা হবে না মর্মে আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে এ বিষয়ে লিখিত ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮/০৭/২০২৬

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি

১। জনাব মো: ইকরাম হোসেন (ইনডেক্স নং: C322539)
সুপার
দারুল এখলাছ আমেনা (রা.) মহিলা দাখিল মাদ্রাসা, ফরিদগঞ্জ , চাঁদপুর।

Scanned with CamScanner

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২। জেলা প্রশাসক, চাঁদপুর।

৩। উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর।

৪। সভাপতি, দারুল এখলাছ আমেনা (রা.) মহিলা দাখিল মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২৮/০৭/২০২৫

Scanned with CamScanner